

# প্রথম আলো

শুক্রবার, ১৮ মে ২০১৮

প্রথম আলো

খবর | ৫

শিক্ষাঙ্গন



## পুরস্কার জিতলেন ব্র্যাকের হাসিবুন নাহার

অর্গানাইজেশন ফর উইম্যান ইন সায়েন্স ফর ডেভেলপিং ওয়ার্ল্ড (ওডব্লিউএসডি)-অ্যালসেভিয়ার ফাউন্ডেশন গবেষণা পুরস্কার জিতেছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ম্যাথমেটিকস অ্যান্ড ন্যাচারাল সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক হাসিবুন নাহার। ফলিত গণিত বিষয়ের ওপর কৃতিত্বপূর্ণ অবদানের জন্য তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ১৬ মে তাঁকে আনুষ্ঠানিকভাবে অভিনন্দন জানিয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এক অনুষ্ঠানে হাসিবুন নাহারের প্রশংসা করেছেন উপাচার্য সৈয়দ সাদ আন্দালিব, সহ-উপাচার্য আনসার আহমেদ, ম্যাথমেটিকস অ্যান্ড ন্যাচারাল সায়েন্স বিভাগের সভাপতি এ এফ এম ইউসুফ হায়দারসহ অনেকে। বিজ্ঞপ্তি